# নার্ভোলা ক্যাপসুল

## হাব্বে এস্‌গন্দ

**বিবরণ:** ঔষধি গুন সম্পন্ন ভেষজ উপাদানের সমন্বয়ে প্রস্তুত ক্যাপসুল নার্ভোলা অস্থি সন্ধির প্রদাহ, সন্ধি বেদনা, বাত-ব্যথা এবং স্নায়ুতন্ত্রের সমস্যা জনিত কারণে সৃষ্ট কোমর বেদনার চিকিৎসায় কার্যকর।

**উপাদান:** প্রতি ক্যাপসুলে রয়েছে:

| ক্র.নং | ইউনানী/স্থানীয় নাম | বৈজ্ঞানিক নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১. | অশ্বগন্ধা | *Withania somnifera* | ১০৮.৭২ মিগ্রা |
| ২. | শুঁঠ | *Zingiber officinale* | ৫৪.৩৪ মিগ্রা |
| ৩. | শতমূলী | *Asparagus racemosus* | ৫৪.৩৪ মিগ্রা |
| ৪. | সফেদ মূসলী | *Chlorophytum arundinaceum* | ৪৩.৪৭ মিগ্রা |
| ৫. | পুরানো গুড় | *Saccharum officinarum* | ১০৮.৭২ মিগ্রা |

সূত্র: হাব্বে এস্‌গন্দ, বা.জা.ই.ফ।

**ক্যাপসুল নার্ভোলাতে ব্যবহৃত ঔষধি উপাদান সমূহের সংক্ষিপ্ত ফার্মাকোলজিঃ**

**১. অশ্বগন্ধা (*Withania somnifera*):** ক্যাপসুল নার্ভোলাতে ব্যবহৃত সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হল অশ্বগন্ধা। উচ্চ ঔষধি গুন সম্পন্ন হওয়ায় এবং জিনসেং এর সাথে সাদৃশ্য পূর্ণ হওয়ার কারণে অশ্বগন্ধাকে ইণ্ডিয়ান জিনসেং বলা হয়ে থাকে। অশ্বগন্ধা মূলের প্রধান সক্রিয় রাসায়নিক উপাদান হল উইথানয়েড এবং উইথেফেরিন। অশ্বগন্ধা মূলের রয়েছে প্রদাহ, অস্থিসন্ধি প্রদাহ, বাত-ব্যথা বিরোধী বৈশিষ্ট্য। এছাড়াও ইহার সেরোটোনিন উৎপাদন প্রক্রিয়াকে উদ্দীপ্ত করার মাধ্যমে মানসিক অবসাদ, ক্লান্তি ও উদ্বিগ্নতার সাথে খাপ খাওয়ানোর ক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করে।

**২.শুঁঠ (*Zingiber officinale*):** পরিপাকতন্ত্রের বিভিন্ন ধরনের সমস্যা এবং অস্থিসন্ধি, মাংসপেশী ও স্নায়ুতন্ত্রের ব্যথা ও প্রদাহ নিরাময়ে আদার ভূমিকা বৈজ্ঞানিকভাবে প্রমাণিত। আদার কার্যকর রাসায়নিক উপাদানে জিনজেরলস রয়েছে অস্থিসন্ধি প্রদাহ, প্রদাহ এবং বাত-ব্যথা বিরোধী বৈশিষ্ট্য সম্পন্ন এবং ইহা সন্ধি বেদনা ও কোমড়ের ব্যথা নিরাময়ে সহায়তা করে।

**৩.শতমূলী (*Asparagus racemosus*):** ক্যাপসুল নার্ভোলাতে ব্যবহৃত ভেষজ উপাদান গুলোর মধ্যে অন্যতম হল শতমূলী। ইহা ব্যথা নিবারক, যৌন উদ্দীপক ও এন্টিঅক্সিডেন্ট হিসেবে ব্যবহৃত হয়ে থাকে।

**৪.সফেদ মূছলী (*Chlorophytum arundinaceum*):** চিকিৎসা ক্ষেত্রে সফেদ মূছলী এন্টিঅক্সিডেন্ট, ব্যথা ও প্রদাহ নিবারক হিসেবে ব্যবহৃত হয়।

**রোগ নির্দেশনা:** অস্থি-সন্ধির প্রদাহ, বাত-ব্যথা, কোমড়ের ব্যথা ও স্নায়বিক দুর্বলতা।

**সেবন মাত্রা ও প্রয়োগবিধি:** ১-২টি ক্যাপসুল, দৈনিক ১-২ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালীন:** গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ক্যাপসুল এস্‌গন্দ নিরাপদ।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** নির্দেশিত মাত্রায় ক্যাপসুল নার্ভোলাতে কোন পার্শ্বপ্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

**বিরূপ প্রতিক্রিয়া:** এর বিশেষ কোন উপাদানের প্রতি কারো ক্ষেত্রে সংবেদনশীলতা পরিলক্ষিত হলে সেক্ষেত্রে তা প্রতিনির্দেশিত।

**সরবরাহ:** প্রতি বাক্সে রয়েছে ৩ × ১০টি ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

প্রস্তুতকারক:
দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
IBN SINA (ইউনানী বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।